দৈনিক সংবাদ

তারিখ ...............
পৃষ্ঠা ...... কলাম ......

# চট্টগ্রাম পলিটেকনিকে ছাত্রলীগের দু গ্রুপে বন্দুকযুদ্ধ

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ চট্টগ্রাম পলিটেকনিক কলেজে আধিপত্য প্রতিষ্ঠাকে কেন্দ্র করে ছাত্রলীগের দুই বিবদমান গ্রুপের মধ্যে গতকাল বুধবার সকালে আবারো এক ঘণ্টাব্যাপী থেমে থেমে বন্দুকযুদ্ধের ঘটনা ঘটে। বন্দুকযুদ্ধে এক ছাত্রলীগ ক্যাডার গুলিবিদ্ধ হয়েছে। প্রায় দু ঘন্টা নাসিরাবাদ এলাকায় যানবাহন চলাচল বন্ধ ছিল। খবর পুলিশ সূত্রের।

পুলিশ জানায়, সকাল ৭টা নাগাদ ছাত্রলীগের ছেড়া আকবর ও মেহেদী গ্রুপ বন্দুকযুদ্ধে জড়িয়ে পড়লে নাসিরাবাদ এলাকার দোকানপাট এবং যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। দুপক্ষই চট্টগ্রাম পলিটেকনিক কলেজে দখলদারিত্ব প্রতিষ্ঠার জন্য এর আগে আরো দু দফায় বন্দুকযুদ্ধে লিপ্ত হয়েছিল। গতকাল একটানা প্রায় এক ঘন্টা ধরে দুপক্ষের বন্দুকযুদ্ধ চলাকালে ছাত্রলীগ ক্যাডার মিজানুর রহমান শরীফ গুলিবিদ্ধ হয়। তাকে গুরুতর অবস্থায় চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।